



যুদ্ধবিরতি উপেক্ষা করে গাজায় ইসরায়েলি হামলা, নিহত ৮



গাজায় ইসরায়েলের হামলা। ছবি: আনাদোলু

যুদ্ধবিরতির ঘোষণা থাকলেও গাজায় থামছে না ইসরায়েলি হামলা। গত ২৪ ঘণ্টায় নতুন করে অন্তত আটজন ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন বলে জানিয়েছে ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়।

আল জাজিরার এক প্রতিবেদনে বলা হয়, একই সময়ে আহত হয়েছেন আরও ২৯ জন। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে শুরু হওয়া সংঘাতের পর গাজায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২,৩৪৪ জনে। আহতের সংখ্যা ১,৭২,২৪২ ছাড়িয়েছে। ধ্বংসস্তূপের নিচে এখনো বহু মানুষ নিখোঁজ থাকায় প্রকৃত সংখ্যা আরও বেশি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, গত বছরের অক্টোবরের যুদ্ধবিরতি চুক্তির পরও সহিংসতা থামেনি। ওই সময় থেকে এখন পর্যন্ত নতুন করে ইসরায়েলি হামলায় ৭৬৫ জন ফিলিস্তিনি নিহত এবং ২,১৪০ জন আহত হয়েছেন।

LENS ASIA